প্রথম আলো

তারিখ 11 SEP 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

# ডিগ্রি পরীক্ষার ফল প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ●

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৪ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স (পুরোনো সিলেবাস) পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে গতকাল শনিবার। এবার এই পরীক্ষায় গড় পাসের হার ৭৩ দশমিক ৬৬ শতাংশ।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত পরীক্ষানিয়ন্ত্রক বদরুজ্জামান গতকাল সন্ধ্যায় *প্রথম আলো*কে বলেন, ইতিমধ্যে ফল ওয়েবসাইটে দেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, চূড়ান্ত পরীক্ষায় মোট ১ লাখ ৬৯ হাজার ৭৪ জন পরীক্ষার্থী অংশ নিয়ে পাস করেছেন ১ লাখ ২৪ হাজার ৫৩৬ জন। উত্তীর্ণদের মধ্যে ৩৮ হাজার ৩৫০ জন বিএ, ৫৫ হাজার ৯৫৯ জন বিএসএস, ২৮ হাজার ৪৮ জন বিবিএস ও ২ হাজার ১৭৯ জন বিএসসি শাখার পরীক্ষার্থী। এ ছাড়া প্রথম ও দ্বিতীয়বর্ষের ফলও প্রকাশিত হয়েছে।

কলেজভিত্তিক ফল www.nu.edu.bd ও www.nubd.info ওয়েবসাইট থেকে জানা যাবে। এ ছাড়া যেকোনো মুঠোফোন থেকে খুদে বার্তা পাঠিয়েও ফল জানা যাবে। এ ক্ষেত্রে মেসেজ অপশনে গিয়ে nu<space>deg<space>reg no লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।